

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯১

আগরতলা, ০৭ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

আগরতলা পুর নিগমের উত্তর জোনভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি আগরতলা পুর নিগমের উত্তর জোনভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শ্যামলীবাজার বিপরী বিতানে আয়োজিত এই বিকাশ শিবিরের উদ্বোধন করেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। শিবিরে পশ্চিম ত্রিপুরা জেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে ৩০ জন কৃষককে স্টেগারিং প্রথায় আনারস চাষে সহায়তা দেওয়া হয়। এতে পুর নিগম এলাকার উত্তর জোনালের ২০ হেক্টর জমি আনারস চাষের উপযোগী করে তোলা হবে। এই কর্মসূচি রূপায়নে ১ লক্ষ টাকা ব্যয় হবে।

শিবিরে সুসংহত উদ্যান উন্নয়ন মিশনে পুর নিগমের উত্তর জোনালের কৃষকদের শীতকালীন সঙ্গী ও গাঁদাফুল চাষে সহায়তা দেওয়া হয়। তাছাড়া ৩০ জন কৃষককে উচ্চফলনশীল ধানচাষে সহায়তা দেওয়া হয়েছে। এই কৃষকদের প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা আওতায় আনা হয়েছে। শিবিরে ৩ জনকে আর ও আর, ১ জনকে ইনকাম সাটিফিকেট দেওয়া হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে সুবিধাভোগীদের কাছ থেকে আভা কার্ডের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন পুর নিগমের উত্তর জোনের চেয়ারম্যান প্রদীপ চন্দ, মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, মেয়র ইন কাউন্সিল জগদীশ দাস, মেয়র ইন কাউন্সিল সম্পা সেন সরকার, সমাজসেবী পাপিয়া দত্ত প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের পর অতিথিগণ প্রদর্শনী স্টলগুলি পরিদর্শন করেন।
